



# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স-০২-৫৮০৫১০১০

ই-মেইল: [regoffice@bsrmu.edu.bd](mailto:regoffice@bsrmu.edu.bd), ওয়েবঃ [www.bsrmu.edu.bd](http://www.bsrmu.edu.bd)

স্মারক নং-বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২৩/০৪

তারিখ: ০৯ অক্টোবর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি (চুক্তিভিত্তিক)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক অধ্যাপক (একাডেমিক উপদেষ্টা), চুক্তিভিত্তিক অধ্যাপক ও চুক্তিভিত্তিক সহকারী অধ্যাপক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

ক্রমিক নং	পদের নাম ও পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ক।	চুক্তিভিত্তিক অধ্যাপক (একাডেমিক উপদেষ্টা)- ০১ (এক) জন	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। (খ) অভিজ্ঞতা: কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ বছর একাডেমিক উপদেষ্টা/ডিন-এর দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকিতে হইবে।
খ।	অধ্যাপক, ওশানোগ্রাফি এন্ড হাইড্রোগ্রাফি বিভাগ (চুক্তিভিত্তিক)- ০১ (এক) জন	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ওশানোগ্রাফি/মেরিন সায়েন্স/মেরিন জিওলজি/জিওলজি বিষয়ে স্নাতক ডিগ্রি এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। (খ) অভিজ্ঞতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে ওশানোগ্রাফি/মেরিন সায়েন্স/মেরিন জিওলজি/জিওলজি বিভাগের অধ্যাপক হিসেবে চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে। (গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন।
গ।	সহকারী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ (চুক্তিভিত্তিক)- ০১ (এক) জন	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বায়োটেকনোলজি/জেনেটিক ইঞ্জিনিয়ারিং/বায়োকেমিস্ট্রি ও মলিকুলার বায়োলজি/মাইক্রোবায়োলজি বিষয়ে থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। (খ) অভিজ্ঞতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে পূর্ণকালীন শিক্ষকতার কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।

## শর্তাবলি:

- আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত ০৮ (আট) সেট আবেদনপত্র ২৬ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, ১৪/৬-১৪/২৩ পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.bsrmu.edu.bd](http://www.bsrmu.edu.bd) বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীর পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে।
- প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্য তোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৮ (আট) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, প্রকাশনার অনুলিপি (প্রযোজ্যক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) জমা প্রদান করিতে হইবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- আলোচনা সাপেক্ষে বেতন-ভাতা নির্ধারণ করা হইবে।
- চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ